দৈনিক
আমাদের সময়

19 APR 2017
পৃষ্ঠা 2

কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ ও ভারতীয় ট্রাস্টের সমঝোতা চুক্তি

আমাদের সময় ডেস্ক ●
কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ ও ভারতীয় সরকারি ট্রাস্ট ন্যাশনাল ইনস্টিটিউট অব সিকিউরিটিজ মার্কেটসের (এনআইএসএম) মধ্যে একটি সমঝোতা চুক্তি (এমওইউ) স্বাক্ষরিত হয়েছে। গতকাল মঙ্গলবার ইউনিভার্সিটির বনানী ক্যাম্পাসে এ চুক্তি স্বাক্ষরিত হয়। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের ভাইস চ্যান্সেলর প্রফেসর উইলিয়াম এইচ ড্যারেঞ্জার ও ন্যাশনাল ইনস্টিটিউট অব সিকিউরিটিজ মার্কেটসের (এনআইএসএম) ডিরেক্টর সন্দীপ ঘোষ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এ সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করেন। এ চুক্তির মূল উদ্দেশ্য হচ্ছে যৌথভাবে পুঁজিবাজার ক্ষেত্রে শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনা করা।

এ সময় কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান চৌধুরী নাফিজ শারাফাত, ইউজিসির (ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন অব বাংলাদেশ) সাবেক চেয়ারম্যান ও কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের উপদেষ্টা প্রফেসর ইমেরিটাস ড. এ. কে. আজাদ চৌধুরী, এসইবিআইয়ের ডিজিএম শাহিল মালিক, এজিএম জিতেন্দ্র কুমার প্রমুখ উপস্থিত ছিলেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....

পরিসংখ্যান বিভাগ	
ডি.এল বি বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর